# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ২৫ ফেব্রুয়ারি'২০২৩খ্রি.

## পাঠকের হাতে বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ মুসার জীবনীগ্রন্থ 'তিনি একজন'

চট্টগ্রাম বইমেলায় পাঠকদের কাছে পৌঁছে গেল বীর মুক্তিযোদ্ধা এডভোকেট মোহাম্মদ মুসা'র জীবনীগ্রন্থ 'তিনি একজন' বইটি। শনিবার বর্ণাঢ্য অনুষ্ঠানের মাধ্যমে বইটির মোড়ক উন্মোচন করেছেন চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা এড. ইব্রাহিম হোসেন বাবুল।

বইটির মোড়ক উন্মোচন অনুষ্ঠানে তিনি বলেন, বইটি পাঠককে দৃঢ়চেতা হওয়ার প্রেরণা যোগাবে। দেশের প্রতি মমতা বাড়াবে। পাঠকরা এ থেকে উপকৃত হবেন।

"বই মানুষকে সামাজিক অবক্ষয় থেকে দুরে রাখে এবং জ্ঞানের দুয়ার খুলে গেলে অপশক্তির কপাট বন্ধ হয়ে যায়। নতুন পাঠক সৃষ্টি করতে ভালো বইয়ের বিকল্প নেই।" তিনি বইটি প্রকাশের উদ্যোগ নেয়ায় জাগৃতি সংগঠনকে সাধুবাদ জানান। ভবিষ্যতে আরও বেশি সামাজিক কাজে জাগৃতির পাশে থাকার আশ্বাস দেন তিনি।

অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম সভাপতির বক্তব্যে বলেন, 'তিনি একজন' বইটি পড়ে আমার মনে দৃঢ় বিশ্বাস জন্মেছে যে বীর মুক্তিযোদ্ধা এডভোকেট মোহাম্মদ মুসা অবহেলিত শ্রমিক শ্রেণির স্বার্থসচেতনতাকে প্রাধান্য দিতেন। গণমানুষের অধিকারসচেতন এধরনের মনীষীদের অনুসরণ করে আমরা সাম্যের সমাজ বিনির্মাণ করতে পারি।

আলোচনায় অংশগ্রহণ করেন হাটহাজারী উপজেলা চেয়ারম্যান এস এম রাশেদুল আলম, জাগৃতির সভাপতি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার ইফতেখার উদ্দীন মো. আলমগীর, লেখকের জ্যেষ্ঠ কন্যা সোনিয়া নার্গিস লিপি, শিশু সাহিত্যিক শুকলাল দাশ, লেখিকা রেহানা আক্তার, মেজাহেরুল ইসলাম, দৈনিক নয়া বাংলার সম্পাদক এনায়েত উল্লাহ হীরু, আবুল কালাম বাছিক, নাজিম উদ্দীন মো.ওসমান।

বাংলার শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের একজন বীর মুক্তিযোদ্ধা অ্যাডভোকেট মোহাম্মদ মুসা উত্তর চট্টলার এক স্মরণীয় ব্যক্তিত্ব। তিনি ১৯৬৬ সালের ৬ সেপ্টেম্বর আরো কয়েকজন উদ্যোমী যুবক মিলে প্রতিষ্ঠা করেন 'জাগৃতি'।

তিনি অনেকবার জাগৃতির সম্মানিত সভাপতিসহ বিভিন্ন পদে দায়িত্ব পালন করেন। তাইতো এবারে মৃত্যুবার্ষিকীতে "তিনি একজন" শীর্ষক স্মারক গ্রন্থটির আত্মপ্রকাশ করে জাগৃতি।

এই স্মারক গ্রন্থটিতে মুদ্রিত হয়েছে মুক্তিযোদ্ধা অ্যাডভোকেট মোহাম্মদ মুসার জীবন থেকে নেওয়া কিছু প্রকাশনা ও উনার সহযোদ্ধার তার অনন্যতার বর্ণনা।

তিনি স্বাধীনতা সংগ্রামে সশস্ত্র অংশগ্রহণ করে দেশকে স্বাধীন করেছেন। দৈনিক নয়াবাংলা'র সাংবাদিকতা ও আইন পেশার মাধ্যমে জনগণের সেবা করেছেন চট্টলার এ কৃতি সন্তান।

## নজরুল সাহিত্যেই আবির্ভাব 'বাংলাদেশ' শব্দের: ড. মোহিতুল আলম

বাংলাদেশ শব্দটি প্রথম জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সাহিত্যের মাধ্যমে আবির্ভূত হয় বলে মন্তব্য করেছেন জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রফেসর ড. মোহিতুল আলম।

শনিবার সন্ধ্যায় অমর একুশে বইমেলা মঞ্চে নজরুল উৎসবের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, সাম্য, সম্প্রীতির কবি নজরুল, তাঁর হৃদয়মাধুর্য দিয়ে সব শ্রেণিবৈষম্য দূর করতে চেয়েছিলেন। বাঙালির চিত্ত জাগরণকারী এক আশ্চর্য মানুষ নজরুল। আজ কবির "গাহি সাম্যের গান" কথাটি বিচ্ছুরিত হচ্ছে নানাভাবে। বারবার নজরুল পড়ছি মানে নজরুলকে পুনঃপাঠ, আগের চেয়ে আরও বেশি করে জানছি। তাই তাঁর পূণরুপ বুঝতে নজরুল রচনাবলিসহ সবকিছু সঠিকভাবে পাঠ করা আবশ্যক বলে তিনি উল্লেখ করেন।

"কাজী নজরুল ইসলামের দর্শনে প্রবলভাবে প্রভাবিত হয়েছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। কারণ, বাঙালি জাতিসত্তাকে ধারণ করেছিলেন নজরুল। ১৯২৬ সালে কাজী নজরুল ইসলাম রচিত মাঙ্গলিক কবিতায় প্রথম বাংলাদেশ নামটি উঠে এসেছিল। সেই সুবাদে বঙ্গবন্ধু ও নজরুলের বাঙালি জাতীয়তাবাদে ঐক্যের সম্মিলন ঘটেছিল।"

নজরুলের যে সাম্যবাদ চিন্তা, তা বর্তমানে সারা বিশ্বের জন্যই জরুরি আর তাই এই চেতনা তরুণদের মধ্যে লালন করা এবং সারা বিশ্বে ছড়িয়ে দেওয়ার আহ্বান জানান তিনি।

বাংলা একাডেমি পুরস্কার প্রাপ্ত গুণীজন বিশ্বজিৎ চৌধুরীর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন চসিকের একুশে পদকপ্রাপ্ত গুণীজন ড. আনোয়ারা আলম।

বিশেষ অতিথির বক্তব্যে ড.আনোয়ারা আলম বলেন, ব্রিটিশ-বিরোধী আন্দোলন থেকে শুরু করে পাকিস্তানি দখলদারদের থেকে মুক্তির দীর্ঘ স্বাধিকার সংগ্রামে কাজী নজরুল ইসলামের তেজোদ্দীপ্ত কবিতা, গান ও সাহিত্য আমাদের অনুপ্রেরণা দিয়েছে। পরাধীনতার শৃঙ্খল ভেঙে একটি স্বতন্ত্র জাতি হিসেবে আত্মপ্রকাশ করার পথ নির্দেশ করেছে। আমাদের জাতীয় কবির কণ্ঠস্বর '৪০-এর দশকেই চিরতরে রুদ্ধ হয়ে যায়। তবে ততদিনে তিনি আমাদের জন্য রেখে যান অজস্র গান, কবিতা ও নানান অগ্নিঝরা রচনার মাধ্যমে ধর্মমত নির্বিশেষে সকল বাঙালি মিলেমিশে সাম্য প্রতিষ্ঠিত করে এক নতুন সমাজ বিনির্মাণের স্বপ্ন দেখিয়েছিলেন কবি। সেটাই ছিল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের 'সোনার বাংলাদেশ'-এর ভিত্তি।

সভাপতির বক্তব্যে কবি বিশ্বজিৎ চৌধুরী বলেন, বিংশ শতাব্দীর অন্যতম জনপ্রিয় অগ্রণী বাঙালি কবি, ঔপন্যাসিক, নাট্যকার, সঙ্গীতজ্ঞ ও দার্শনিক যিনি বাংলা কাব্যে অগ্রগামী ভূমিকা রাখার পাশাপাশি প্রগতিশীল প্রণোদনার জন্য সর্বাধিক পরিচিত তিনি হলেন কাজী নজরুল ইসলাম। তিনি বাংলা সাহিত্য, সমাজ ও সংস্কৃতি ক্ষেত্রের অন্যতম শ্রেষ্ঠ ব্যক্তিত্ব হিসেবে উল্লেখযোগ্য। বাঙালী মণীষার এক অনন্য নিদর্শন নজরুল। তিনি বাংলা ভাষার অন্যতম সাহিত্যিক এবং বাংলাদেশের জাতীয় কবি।

## -ঃ অমর একুশে বইমেলায় আগামকাল যুব উৎসব ঃ-

আগামীকাল রবিবার বিকেল ৫টায় অমর একুশে বইমেলা মঞ্চে যুব উৎসব অনুষ্ঠিত হবে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রামের বিভাগীয় কমিশনার ড. মো.আমিনুর রহমান এনডিসি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন একুশে পদকপ্রাপ্ত গুণীজন জয়ন্ত চট্টোপাধ্যায় ও বিশিষ্ট সাংবাদিক ও কলামিস্ট কামরুল হাসান বাদল। সভাপতিত্ব করবেন চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম।

**স্বাক্ষরিত/-**
**(আজিজ আহমদ)**
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮